


কালের কণ্ঠ

ঢাকা। বুধবার। ১৯ আগস্ট ২০২৬
৪ ভাদ্র ১৪৩৩। ৫ রবিউল আউয়াল ১৪৪৮



এনএসইউতে এআই ও বৈশ্বিক ব্যবস্থা নিয়ে সেমিনার



গত ১৭ আগস্ট সোমবার নর্থ সাউথ ইউনিভার্সিটিতে ‘কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও উদীয়মান বৈশ্বিক ব্যবস্থা : সম্ভাবনা, ঝুঁকি ও ভবিষ্যৎ শাসনব্যবস্থা’ শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। নর্থ সাউথ ইউনিভার্সিটি সেন্টার ফর লিগ্যাল রিসার্চ, নর্থ সাউথ ইউনিভার্সিটির

আইন বিভাগ এবং ওয়াশিংটন ইউনিভার্সিটি স্কুল অব ল-এর যৌথ উদ্যোগে এ সেমিনারে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকরা অংশগ্রহণ করেন। উদ্বোধনী বক্তব্যে নর্থ সাউথ ইউনিভার্সিটির আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ইশতিয়াক আহমেদ শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য আন্তর্জাতিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন ওয়াশিংটন ইউনিভার্সিটি স্কুল অব ল-এর সহযোগী অধ্যাপক এবং এআইবিষয়ক গবেষণা উদ্যোগের সহপরিচালক অলিভার রবার্টস। তিনি এআইয়ের মৌলিক ধারণা, বিভিন্ন পরিভাষা এবং বৃহৎ ভাষাভিত্তিক মডেলের কার্যপ্রণালী নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, ‘এআইয়ের ব্যবহার দ্রুত বৃদ্ধি পেলেও এর প্রতিটি প্রয়োগ ইতিবাচক ফল বয়ে আনে না; বরং এর যথাযথ ব্যবহার নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।’ তিনি বিভিন্ন দেশের মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা গ্রহণের পার্থক্য মানচিত্রের মাধ্যমে উপস্থাপন করেন এবং বিভিন্ন পরিসংখ্যানের সাহায্যে দৈনিক,

সাপ্তাহিক ও মাসিক ব্যবহারকারীর সংখ্যা বিশ্লেষণ করেন। তিনি উল্লেখ করেন, আইনজীবীদের ক্ষেত্রে বিনা মূল্যের কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক প্ল্যাটফর্ম ব্যবহার ক্লায়েন্টের তথ্যের গোপনীয়তার জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে। ২০২৫ সালে যুক্তরাষ্ট্রের উল্লেখযোগ্য সংখ্যক আইনজীবী তাঁদের পেশাগত কাজে এআই ব্যবহার করেছেন। তিনি বিচারিক কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তার অপব্যবহার, বিভ্রান্তিকর তথ্য তৈরি এবং তথাকথিত ‘হ্যালুসিনেশন’ জনিত ত্রুটির বিষয়েও আলোচনা করেন। তিনি বিভিন্ন ছবি ও ভিডিও প্রদর্শনের মাধ্যমে বাস্তব ও কৃত্রিমভাবে তৈরি বিষয়বস্তুর মধ্যে পার্থক্য নির্ণয়ের গুরুত্ব তুলে ধরেন। মূল আলোচনা শেষে শিক্ষক ও শিক্ষার্থীরা কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, নৈতিকতা এবং আইনগত প্রভাব নিয়ে বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেন। অনুষ্ঠানের সমাপনী বক্তব্য দেন আইন বিভাগের জ্যেষ্ঠ প্রভাষক মো. লোকমান হোসেন। অনুষ্ঠানের শেষ পর্বে প্রধান বক্তা অলিভার রবার্টসের হাতে সম্মাননা স্মারক হিসেবে একটি ট্রেস্ট তুলে দেওয়া হয়।